ঝিনাইদহে ফুটবল খেলাকে কেন্দ্র করে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ আহত ৭, থানায় মামলা

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী গ্রামে ফুটবল খেলাকে কেন্দ্র করে প্রতিপক্ষের মধ্যে সংঘর্ষের সৃষ্টি হয় এতে উভয় পক্ষের কমপক্ষে ৭ জন আহত হয়েছে। এ বিষয়ে সদর থানায় পৃথক দুটি মামলা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানাগেছে।
প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে জানাযায়, গত ১জুলাই হলিধানী পূর্বপাড়ার একদল যুবক দুই গ্রুপে ভাগ হয়ে ফুটবল খেলার আয়োজন করে। খেলা শেষে পরাজিত দল বিজয়ী দলকে মিষ্টি খাওয়ানো বাবদ কিছু টাকা দেওয়ার কথা থাকলেও তা নাদিলে কথা কাটাকাটির এক পর্যায়ে সংঘর্ষের সূত্রপাত হয়।
সংঘর্ষে হলিধানী গ্রামের রহিম বাদশার ছেলে রকিব, আব্দুস সাত্তার সিডনের ছেলে সোহাগ, আল আমিন, মোসলেমের ছেলে দেলয়ার ও নাসির উদ্দীন, ইলিয়াস, সাগর, জোয়াদ আলী ও হৃদয়সহ আরও বেশ কয়েক জন মিলে বীর মুক্তিযোদ্ধা নুর ইসলামের ছেলে সোহেল, বাহার আলীর ছেলে সজল, মৃত আব্দুল মজিদের ছেলে শাহা আলম, সাইদুল ইসলামের স্ত্রী জরিনা খাতুন ও শফি উদ্দীনের ছেলে সুমন মিয়াকে পিটিয়ে জখম করে। তাছাড়া অপর পক্ষের আল আমিন আহত হয়। সবাইকে ঝিনাইদহ সদর হাসপতালে ভর্তি করা হয় এবং ওই দিন রাতেই ঝিনাইদহ সদর থানায় পৃথক দুটি মামলা হয়েছে।
এই বিষয়ে আহত সোহেল বলেন খেলা নিয়ে কথা কাটাকাটি শুরু হলেও তা শান্ত হয়ে যাওয়ার পরে সন্ধ্যার দিকে তাদের বাড়ির পাশে গেলে রাকিব ও সোহাগ দলবল নিয়ে আমার উপর হামলা চালায়। আরও আমাকে বাঁচাতে এলে আহত অন্যদের কেউ সন্ত্রাসীরা মারধর করে আহত করে। আহত জরিনা খাতুন বলেন সোহেলের উপর হামলা করলে তার চিৎকারে আমরা দড়িয়ে গেলে আমাদের পিটিয়ে ও দা দিয়ে কুপিয়ে আহত করে। আমরা এই সন্ত্রাসী কর্মকান্ডের বিচার চাই।
এছাড়া আহত সকলেই এই হামলাকারী মাদক ব্যবসায়ী রাকিব, সোহাগ, আল আমিন ও হৃদয়দের সাথে জড়িত সকলের উপযুক্ত বিচার চাই।
অপর পক্ষের আহত আল আমিন বলেন খেলা শেষে মিষ্টি খাওয়ানোর প্রতিশ্রুতি ছিল আমরা সন্ধ্যায় দেব বলে জানালেও তারা তা মেনে না নিয়ে আমাদের বল আটকে দেয় তখন উভয় পক্ষের মধ্যে সংঘর্ষের সূত্রপাত

হলে আমাদের উপর হামল চালালে আমিসহ আরও বেশ কয়েক জন আহত হয়েছে। তিনি আরও বলেন এটাকোন পরিকল্পিত হামলা বা সংঘাত ছিল না। আমরা বিষয়টির সমাধান চাই।
মামলার বাদী বাহার আলী বলেন আসামীরা অর্থবিত্তশালী, মাদক ব্যবসায়ী ও সন্ত্রাসী তারা পূর্বপরিকল্পিত ভাবে আমাদের ছেলেদের উপর হামলা করেছে আমি এর বিচার চেয়ে থানায় মামলা করেছি। এই মামলার পর থেকেই টাকা দিয়ে সন্ত্রাসী ভাড়া করে আমার ছেলেকে পিটিয়ে আহত করার পরিকল্পনা করছে। হত্যা পরিকল্পনার অডিও রেকর্ড ফাস হয়েছে বলেও তিনি জানান।
এবিষয়ে মামলার তদন্ত কর্মকর্তা ঝিনাইদহ থানার এস আই শফিকুল ইসলাম বলেন এই ঘটনায় উভয় পক্ষের দুইটি অভিযোগ পেয়েছি, অভিযোগ দুটি তদন্তনাধীন রয়েছে।

২৯ বছরের রেকর্ড ভেঙে ইতিহাস গড়লেন নরওয়ের তারকা

২৯ বছরের রেকর্ড ভেঙে ইতিহাস গড়লেন নরওয়ের তারকা

ইতিহাসের পাতায় নিজের নাম স্বর্ণাক্ষরে লেখালেন নরওয়ের স্প্রিন্টার কার্স্টেন ওয়ারহোম।বৃহস্পতিবার নরওয়ের ওসলোতে ডায়মন্ড লিগ মিটে ৪০০ মিটার স্প্রিন্টে মাত্র ৪৬.৭০ সেকেন্ড সময় নিয়ে নতুন বিশ্ব রেকর্ড গড়েন ওয়ারহোম।

এর আগে ১৯৯২ সালে ৪০০ মিটারে ৪৬.৭৮ সেকেন্ড সময় নিয়ে রেকর্ড গড়েছিলেন আমেরিকার স্প্রিন্টার কেভিন ইয়ং।

৪০০ মিটার হার্ডেলে ৪৭ সেকেন্ড সময় পার করতে পেরেছেন মাত্র ৪ জন অ্যাথলেট। ওয়ারহোম, ইয়ং ছাড়াও এই তালিকায় রয়েছেন বেঞ্জামিন এবং কাতারের আবদেরামানে সাম্বা।

রেকর্ড গড়ার পর ওয়ারহোম বলেছেন, এটা অসাধারণ অনুভূতি। আমি যে

রেকর্ডটি ভেঙেছি সেটা আমার বয়সের থেকে বেশি পুরনো। এর জন্য অবশ্য গর্ববোধ করছি। আমার শারীরিক অবস্থা ভালো ছিল। পরিশ্রম করেছি, তার সুফলও পেয়েছি। তবে এটা আমার কাছে শেষ নয়। সবে মাত্র শুরু। এই ফর্ম ধরে রাখতে আমাকে আরও পরিশ্রম করতে হবে।

হঠাৎ দুঃসংবাদ ব্রাজিল দলে

বিশ্বকাপ বাছাইয়ের পর কোপা আমেরিকায় দুরন্তগতিতে উড়ছে ব্রাজিল। তিন ম্যাচে তিন জয়ে ৯ পয়েন্ট নিয়ে গ্রুপ ‘বি’ চ্যাম্পিয়ন হয়ে বসে আছে তারা।

আজ রোববার রাত ৩টায় ইকুয়েডরের বিপক্ষে গ্রুপপর্বের শেষ ম্যাচে হারলেও দুশ্চিন্তার কিছু নেই সেলেকাওদের। তবে চার ম্যাচেই জয় নিয়ে ফুল মার্কস পেতে চান নেইমার-কাসেমিরোরা।

কিন্তু সেই ম্যাচের আগেই একটা দুঃসংবাদ ভেসে এলো ব্রাজিল শিবিরে। চোটে পড়ে ছিটকে গেছেন দলের অভিজ্ঞ সেন্টারব্যাক ফেলিপে মন্তেইরো।

প্রথমে চোটকে অত গুরুত্ব দিয়ে দেখেননি ফেলিপে ও ব্রাজিল দলের মেডিকেল টিম। পরে পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে বোঝা যায় চোটটি বেশ গভীর।

এমন খবরে কোচ তিতের মতো দুশ্চিন্তায় পড়েছে ইউরোপসেরা ক্লাব অ্যাটলেটিকো মাদ্রিদ।

অ্যাটলেটিকোর নির্ভরযোগ্য ডিফেন্ডার ফেলিপে মন্তেইরো। জানা গেছে, আগামী মৌসুমের শুরুতেও দলের হয়ে খেলার তেমন সম্ভাবনা নেই এ ডিফেন্ডারের।

সে ক্ষেত্রে হোসে হিমেনেজ, স্তেফান সাভিচ, মারিও হার্মোসোর মতো ডিফেন্ডারদের ওপরেই ভরসা করতে হবে দিয়েগো সিমিওনেকে।

সেই ভবিষ্যদ্বাণী উল্টে যাওয়ায় ক্ষমা চাইলেন অস্ট্রেলিয়ার অধিনায়ক

বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ভারতকে হারিয়ে ইতিহাস গড়েছে নিউজিল্যান্ড ক্রিকেট দল।

ইংল্যান্ডের সাউদাম্পটনে অনুষ্ঠিত বৃষ্টি বিঘ্নিত টেস্টে বিরাট কোহলির নেতৃত্বাধীন ভারতকে ৮ উইকেটের বিশাল ব্যবধানে হারিয়ে ট্রফি নিশ্চিত করেন কেন উইলিয়ামসনরা।

নিউজিল্যান্ডের এমন ইতিহাসের দিনে বিপাকে পড়েন অস্ট্রেলিয়ার টেস্ট অধিনায়ক টিম পেইন।

এর জন্য টিম পেইন নিজেই দায়ী।

ম্যাচের আগে আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে নিউজিল্যান্ড পাত্তাই পাবে না বলে ভবিষ্যদ্বাণী করেছিলেন পেইন। আর সেই নিউজিল্যান্ড চ্যাম্পিয়ন তো হলোই, বলতে গেলে কিউদের কাছে পাত্তা পায়নি বিরাট কোহলির ভারত। পেইনের ভবিষ্যদ্বাণী একেবারেই উল্টে গেল।

ম্যাচ ফলাফলের পর পেইনের সেই ভবিষ্যদ্বাণী আলোচনায় উঠে আসে। তা নিয়ে শুরু হয় সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচুর হাস্যরস চলতে থাকে। ট্রলের শিকার হন পেইন। এমন পরিস্থিতির মধ্যে নিজের ভুল স্বীকার করে কিউইদের কাছে ক্ষমা চাইলেন অস্ট্রেলিয়ান অধিনায়ক।

নিউজিল্যান্ডের রেডিও নিউজটক জেডবিতে পেইন বলেন, ‘ওই মন্তব্য করায় কিউই সমর্থকদের কাছে বেশ তুলাধোনা হতে হয়েছে আমাকে। বুঝতে পারছি, আমরা সবাই কখনও না কখনও ভুল প্রমাণিত হই। আমি এখন নিজের কথা গিলতে বাধ্য হচ্ছি। নিউজিল্যান্ড অসাধারণ খেলেছে। তারা যেভাবে নিজেদের মেলে ধরে, তা দেখা সবসময়ই দারুণ।নিউজিল্যান্ড আন্তর্জাতিক ক্রিকেটে যা করে, আমি অবশ্যই তা সম্মান করি। ওই

মন্তব্যের জন্য আমি ক্ষমা চাইছি।’

তথ্যসূত্র: নিউজিল্যান্ড হেরাল্ড

আইপিএল খেলতে এসে দৃষ্টিশক্তি হারাতে বসেছিলেন ফিঞ্চ

করোনার কারণে স্থগিত হয়ে যাওয়া এবারের আইপিএলে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর হয়ে খেলেছেন ফিঞ্চ। মূলত ফ্ল্যাড লাইটের আলোতে রাতের ম্যাচগুলো খেলতে গিয়েই বিপাকে পড়েন ফিঞ্চ। ওই সময়ে হঠাৎ করেই ঝাপসা দেখতে শুরু করেন তিনি। কনট্যাক্ট লেন্স ব্যবহার করেও সুফল পাচ্ছিলেন না ফিঞ্চ।

ব্রিসবেনে এক সাক্ষাৎকার দিতে গিয়ে এসব কথা জানান ফিঞ্চ। তিনি বলেন, ‘আমি আইপিএল খেলতে গিয়ে বিষয়টি লক্ষ্য করি। একদিন উঠে দেখি কিছু একটা পরিবর্তন হয়েছে এবং সেটা আমাকে খুব অস্বস্তিতে ফেলছে। চোখের সামনে ঝাপসা দেখছিলাম। বিষয়টি একজন ব্যাটসম্যানের জন্য কখনই ভালো নয়। আমি কনট্যাক্ট লেন্স ব্যবহার করি কিন্তু সেটাও সেভাবে কাজে আসছিল না।’

হিন্দুস্তান টাইমসের এক প্রতিবেদনে প্রকাশ, ফিঞ্চের এই সমস্যাটি পুরনো। রাতের আলোয় ম্যাচ খেলতে হলে তার বেশ বেগ পেতে হত। গত মার্চে নিউজিল্যান্ডের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ টি-টোয়েন্টি সিরিজ খেলেছিলেন। রাতের অনুষ্ঠিত ওই ম্যাচগুলোতে ফিঞ্চ কনট্যাক্ট লেন্স পড়ে খেলার চেষ্টা করেছিলেন। কিন্তু তাতেও বেশ সমস্যার সম্মুখীন হতে হয়েছিল ৩৪ বছরের ফিঞ্চকে।

অবশ্য নিউজিল্যান্ড সিরিজের পর পর চোখে অস্ত্রোপচার করান ফিঞ্চ। তিন সপ্তাহ বিশ্রামের পর তিনি এখন অনেকটাই সুস্থ। অ

আগামী ১০ই জুলাই থেকে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ শুরু হচ্ছে অস্ট্রেলিয়ার।

রাতের আলোয় হবে ম্যাচগুলো।

এ বিষয়ে ফিঞ্চ জানান, ‘আমি এখন খুব ভাল ভাবে বল দেখতে পাই। আমি ইন্ডোরের কঠিন উইকেটে সেগুলোকে হিট করেছি। আমার মনে হয় রাতের ম্যাচ গুলো সব থেকে বড় পরীক্ষার হতে চলেছে, কারণ আমি আমার চোখের পার্থক্যটা লক্ষ্য করেছি।’

সেঞ্চুরি বঞ্চিত হলেও দলকে জেতালেন মেহেদী

ঢাকা প্রিমিয়ার লিগে (ডিপিএল) মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বৃহস্পতিবার সকালে মুখোমুখি হয় গাজী গ্রুপ ক্রিকেটার্স ও মোহামেডান।

টস জিতে আগে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নেয় গাজী গ্রুপ। ব্যাটিংয়ে নেমে অধিনায়ক শুভাগত হোমের টর্নেডো ইনিংসে ভর করে ১৬৫ রানের লড়াকু পুঁজি সংগ্রহ করে মোহামেডান।

আর সেই লড়াকু পুঁজিকেও ৭ উইকেটে অতিক্রম করেছে গাজী গ্রুপ ক্রিকেটার্স। এই জয়ে বেশিরভাগ অবদান দলের ওপেনার মেহেদী হাসানের।

৫৮ বলে ৯২ রানের চমৎকার এক ইনিংস খেলেছেন তিনি। মাত্র ৮ রানের জন্য সেঞ্চুরি থেকে বঞ্চিত হলেন। নিজের ইনিংসটি ১১ বাউন্ডারি ৩ ছক্কায় সাজিয়েছেন মেহেদী। স্ট্রাইক রেট ১৫৮.৬২!

মেহেদী ছাড়া মোহামেডানের বোলারদের কাছে অবশ্য বাকি ব্যাটসম্যানরা সেভাবে দাঁড়াতে পারেননি। দলের দ্বিতীয় সর্বোচ্চ রান এসেছে আরেক ওপেনার সৌম্য সরকারের ব্যাট থেকে। দুটি বাউন্ডারি ও একটি ছক্কার মারে ১৭ বলে ২২ রান করে শুভাগত হোমের শিকারে পরিণত হন তিনি।

এ দুই ব্যাটসম্যানের পর দুই অঙ্কের ঘরে যেতে পেরেছেন আরও দুজন। ইয়াসির আলী ও আকবর আলী দুজনেই করেছেন ১১ রান করে।

তবে এতে গাজীর জয় ঠেকাতে পারেনি মোহামেডান। কারণ ওপেনার মেহেদীকে থামাতে পারেননি মোহামেডানের বোলাররা।

শেষ তিন ওভারে প্রয়োজন পড়ে ৩৬ রানের। আবু জায়েদ, রুয়েল মিয়াদের বেদম পিটুনি দিয়ে তা উদ্ধার করে নেন মেহেদী।

১৮তম ওভারে আবু জায়েদকে ৩ বাউন্ডারি হাঁকান মেহেদী। এ ওভার থেকে ১৬ রান আসে।

১৯তম ওভারে রুয়েল মিয়াকে ছক্কা হাঁকান মেহেদী। এ ওভার থেকে আসে ১৫ রান। শেষ ৬ বলে জয়ের জন্য প্রয়োজন পড়ে ৬ রানের।

ইয়াসিন আরাফাতের হাতে বল তুলে দেন শুভাগত। প্রথম বলেই এলবিডব্লিউয়ের ফাঁদে ফেলে মেহেদীকে আউট করেন ইয়াসির।

সমাপ্তি ঘটে ৯২ রানের এক টর্নেডো ইনিংসের। মেহেদী সাজঘরে ফিরলেও এমন সমীকরণে জয় পেতে বেগ পেতে হয়নি গাজী গ্রুপের।

টেলএন্ডার আকবর আলী বাউন্ডারি হাঁকিয়ে তিন বল বাকি থাকতেই দলের জয় নিশ্চিত করেন।

অর্থাৎ মোহামেডানকে ৩ উইকেটে হারিয়েছে গাজী গ্রুপ।

মোহামেডানের পক্ষে ৩ উইকেট শিকার করেছেন আসিফ হাসান। শুভাগত হোম ও ইয়াসিন আরাফাত দুটি করে উইকেট নিয়েছেন।

এর আগে সুবাদে নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ১৬৫ রান সংগ্রহ করে মোহামেডান।

মোহামেডানের ওপেনার পারভেজ হোসেন ইমন করেন ৪১ রান। অধিনায়ক শুভাগত হোম ৪ বাউন্ডারি ও ৩ ছক্কায় করেন ৫৯ রান।

৪০ রানে প্রথম উইকেট হারায় মোহামেডান।

১৪ বলে ১০ রানে খেলতে থাকা আব্দুল মজিদকে বোল্ড করেন শেখ মেহেদী হাসান। দুর্দান্ত খেলে যাচ্ছিলেন পারভেজ হোসেন ইমন। ৩২ বলে ৪১ রান করে তিনি।

তাকেও সাজঘরের পথ দেখান মেহেদী।

এর পর থেকে নিয়মিত বিরতিতে উইকেট হারাতে থাকে মোহামেডান। একসময়

মনে হয়ে কম রানেই মোহামেডানকে বেঁধে ফেলতে পারবে গাজী গ্রুপ।

কিন্তু অধিনায়ক শুভাগত হোম মাঠে নেমে গাজীর হাত থেকে নিয়ন্ত্রণ ছিনিয়ে নেন।

ষষ্ঠ উইকেটে মাহমুদুল হাসান লিমনের সঙ্গে ৫৩ রানের জুটি গড়েন শুভাগত। লিমন ১৫ বলে ১৪ রান করে ফেরেন। ৩১ বলে ৫৯ রান করে শেষ পর্যন্ত দলকে টেনে নিয়ে যান শুভাগত। তার স্ট্রাইক রেট ১৯০.৩২!

গাজী গ্রুপের পক্ষে মেহেদী হাসান, রকিবুল আতিক ও মহিউদ্দিন তারেক দুটি করে উইকেট নেন।

কোহলি ছাড়া কাউকে পছন্দ করেন না পাক ক্রিকেটারের স্ত্রী!

বিয়ে করেছেন পাকিস্তানের ক্রিকেটারকে। অথচ পছন্দের ক্রিকেটার ভারতের অধিনায়ক বিরাট কোহলি। সম্প্রতি এক সাক্ষাৎকারে এমনটিই জানিয়েছেন পাকিস্তানের পেসার হাসান আলির স্ত্রী সামিয়া আলি।

এই সুদর্শনীর জন্ম ভারতে। সে কারণেই কিনা দেশের অধিনায়কের প্রতি তার এই আবেগ! বিয়ে করার পরও স্ত্রীর কাছে প্রিয় হতে পারছেন না হাসান আলি।

দুই বছর আগে হাসানকে বিয়ে করা সামিয়া আলির জন্ম হরিয়ানায়। মধ্যবিত্ত পরিবারে জন্ম নেওয়া এই নারীর বাবা লিয়াকত আলি ছিলেন হরিয়ানা সরকারের অধীনস্ত সমষ্টি উন্নয়নকর্মী।

তবে হরিয়ানায় জন্ম হলেও গত ১৫ বছর সপরিবার তারা ফরিদাবাদে থাকেন। ফরিদাবাদেই সামিয়ারা ছয় ভাইবোন একসঙ্গে বড় হয়েছেন।

স্কুলশিক্ষা শেষ করে সামিয়া ফরিদাবাদের একটি বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক করেন।

পড়ালেখা শেষে একটি বিমান সংস্থায় চাকরি নেন সামিয়া। চাকরির

সুবাদে চলে যান দুবাইয়ে। বিয়ের আগ পর্যন্ত সেখানেই থাকতেন।

২৬ বছরের হাসান আলি তখন পাকিস্তান আন্তর্জাতিক ক্রিকেটের উঠতি তারকা। দারুণ বোলিং করে তাক লাগিয়ে দিয়েছেন। তার মধ্যে ভবিষ্যতের ওয়াসিম-ওয়াকার খুঁজে পান পাকভক্তরা।

দুবাইয়ে একটি টুর্নামেন্ট খেলতে গিয়েছিলেন হাসান। তখনই এক বন্ধুর মাধ্যমে সামিয়ার সঙ্গে তার যোগাযোগ। পরিচয় থেকে প্রণয়।

প্রথম দেখাতেই সামিয়াকে ভালো লেগে গিয়েছিল হাসান আলির। কিন্তু সামিয়া ক্রিকেট নিয়ে কোনো দিনও কৌতূহলী ছিলেন না। তাই হাসানকেও তিনি চিনতেন না।

একপর্যায়ে বন্ধুত্ব থেকে সামিয়ার অবচেতন মন ছুঁয়ে গিয়েছিল হাসানকে। সাক্ষাতের প্রথম দিন থেকে বন্ধুত্ব হয়ে যায় দুজনের। পরে হাসানকে ভালো লেগে যায় সামিয়ার।

এক বছরের প্রেমের পরই তারা নিজেদের পরিবারকে এই সম্পর্কের কথা জানান। যদিও সীমান্তের দুই পাড়ের দুই পরিবার কীভাবে বিষয়টি নেবে তা নিয়ে যথেষ্ট ধন্দ্বে ছিলেন দুজনেই।

অগ্রজ শোয়েব মালিককে দেখে অনুপ্রাণিত হয়েছিলেন হাসান আলি। শেষ পর্যন্ত পরিবার দুজনের বিয়েতে সায় দেয়। হাসানকে নিয়ে যেমন সামিয়ার পরিবারের কোনো আপত্তি ছিল না, তেমন সামিয়ার কথা জানা মাত্রই তাকে স্বাগত জানায় হাসানের পরিবারও।

সীমান্তের দুই পাড়ের রাজনীতির সঙ্গে এই সম্পর্ক কখনও মিশিয়ে ফেলেনি তাদের পরিবার। সামিয়ার পরিবার পাকিস্তানকে আলাদা দেশ বলে মনেও করে না।

২০১৯ সালের ২০ আগস্ট তাদের বিয়ে হয়। বিয়েতে অনেক ভারতীয় ক্রিকেটারও নিমন্ত্রিত ছিলেন।

২০২১ সালের ৬ এপ্রিল মহামারির মধ্যেই তাদের প্রথম সন্তানের জন্ম হয়। তার নাম রেখেছেন হেলেনা।

সুপার হিরো বাবা, তোমাকে ভালোবাসি: মুশফিক

সব সন্তানের প্রতিই বাবার আদর, স্নেহ, মায়া ও ভালোবাসা অবিরাম থাকে। জাতীয় দলের ক্রিকেটার মুশফিকুর রহিমের প্রতি তার বাবার আশীর্বাদ যেন একটু বেশিই। ছেলে খেলতে গেলে গ্যালারিতে বসে থেকে তাকে অনুপ্রেরণা জোগান বাবা শাহরোজ রহিম।

বাবার প্রতিও মুশফিকের অকৃত্রিম ভালোবাসা। যেটির প্রকাশ পেয়েছে নানান সময়ে।

রোববার ছিল বিশ্ব বাবা দিবস। বিশেষ এই দিনে বিশ্বের সব বাবার প্রতি ভালোবাসা জানান সন্তানরা। এমন দিনে বাবাকে বিশেষভাবে স্মরণ করলেন জাতীয় দলের সাবেক এ অধিনায়ক।

নিজের ফেসবুক পেজে আবেগী পোস্টে মুশফিক লিখেছেন— ‘মিরপুর, গ্যাবা কিংবা লর্ডস, আমার সুপার হিরো বাবা আমাকে এবং বাংলাদেশকে সাপোর্ট করতে সর্বদা মাঠে উপস্থিত থাকেন। তার আশীর্বাদ আমাকে ভালো করতে সর্বদা অনুপ্রাণিত করে। আব্বু তোমাকে ভালোবাসি। বিশ্বের সব বাবাকে, বাবা দিবসের শুভেচ্ছা জানাই।’

মেহেদী হাসান মিরাজ লিখেছেন— ‘যে ব্যক্তি একজন দয়ালু এবং ভালো পিতা, তিনি আমাদের জন্য আশীর্বাদ। আল্লাহতায়ালার কাছে বেঁচে থাকা এবং মারা যাওয়া সব পিতার জন্য দোয়া কামনা করছি।’

বাবা দিবসে অন্য ক্রিকেটাররাও সশ্রদ্ধে বাবাকে স্মরণ করেছেন। বাবার সঙ্গে ছবি ফেসবুকে শেয়ার করে পেসার তাসকিন আহমেদ লিখেছেন— ‘বাবা দিবসের শুভেচ্ছা।’

আরেক ড্যাশিং ব্যাটসম্যান সাব্বির রহমান লিখেছেন— সব বাবার প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা। বাবা দিবসের শুভেচ্ছা সব বাবাদের।

বাংলাদেশ ওয়ানডে দলের অধিনায়ক তামিম ইকবালও এই দিনে বাবাকে ভোলেননি। নিজের বাবার সঙ্গে একটি এবং নিজের সন্তানদের একটি ছবি পোস্ট করে লিখেছেন— ‘হে আমাদের পালনকর্তা! তাদের উভয়ের প্রতি রহম করুন, যেমনিভাবে তারা আমাদের শৈশবকালে লালন-পালন করেছেন। পৃথিবীর সব বাবার প্রতি রইল শুভেচ্ছা!’

ব্রাজিলের দুর্দান্ত পারফরম্যান্স নিয়ে যা বললেন ডি মারিয়া

বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচগুলোর পরও কোপা আমেরিকায় উড়ছে ব্রাজিল। কোপায় প্রথম ম্যাচে ভেনিজুয়েলাকে ৩-০ ব্যবধানে হারানোর পর দ্বিতীয় ম্যাচে পেরুকে ৪-০ গোলে উড়িয়ে দিয়েছে নেইমারের দল।

এমন দুর্দান্ত সব জয় দিয়ে পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান করছে তিতের শিষ্যরা। অন্যদিকে টানা তিন ড্রয়ের পর অবশেষে জয়ের দেখা পেয়েছে আর্জেন্টিনা।

শনিবার বাংলাদেশ সময় ভোর ৬টার ম্যাচে উরুগুয়েকে ১-০ গোলে হারিয়ে মেসির দল। এ জয়ের সুবাদে বি গ্রুপের শীর্ষে উঠে গেছে আলবিসেলেস্তেরা। চলতি কোপায় এমন উড়ন্ত ব্রাজিলকে ফেবারিট মানছেন চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনা দলের অভিজ্ঞ ফরোয়ার্ড অ্যাঞ্জেল ডি মারিয়া।

উরুগুয়েকে হারানোর পর সংবাদমাধ্যমে ডি মারিয়া বলেছেন, ‘এটা সত্য যে, ব্রাজিল শুরু থেকেই দুর্দান্ত খেলছে। আর আমরা ধাপে-ধাপে ম্যাচ ধরে ধরে এগুচ্ছি। প্রথম ম্যাচে ড্র করেছি আর আজকে শক্তিশালী উরুগুয়ের বিপক্ষে জিতেছি। এটা আমাদের জন্য দারুণ কাজ হচ্ছে। আমরা চেষ্টা করছি জাতীয় দল হিসেবে নিজেদের সামর্থ্য তুলে ধরার। আমরা সবসময়ই প্রথমে গোল করছি এবং সেটি ধরে রাখার চেষ্টা করছি। ’

তবে সম্মুখসমরে ব্রাজিলকে ছেড়ে কথা বলবে না আর্জেন্টিনা। এমনটাই জানালেন পিএসজি তারকা।

বললেন, ‘আশা করছি আমরা জিততে পারব। আর্জেন্টিনা সবসময়ই শক্ত দাবিদার। তবে ঘরের মাঠে ব্রাজিল বেশ ভালো খেলছে। আমরা চেষ্টা

করব নিজেদের স্বপ্নপূরণের জন্য সবকিছু করতে।’

বিশ্বকাপ ও কোপা দুটি ভিন্ন প্ল্যাটফর্ম বলে জানান মারিয়া।

বলেন, ‘বিশ্বকাপ বাছাইপর্ব ও কোপা আমেরিকার খেলা পুরোপুরি আলাদা। জয় পাওয়ার জন্য আমাদের যে ভাগ্যের ছোঁয়া প্রয়োজন ছিল, তা আমরা পাইনি। উরুগুয়ে আমাদের অন্যতম প্রতিদ্বন্দ্বী। তার সঙ্গে জয়লাভ করেছি। এই ধারাবাহিকতা ধরে রাখতে হবে। আমরা সবসময়ই নিজেদের সেরাটা দেয়ার চেষ্টা করি।’

আর্জেন্টিনার এখনও পর্যন্ত খেলা দুই ম্যাচেই বদলি হিসেবে নেমেছেন ডি মারিয়া। প্রথম ম্যাচে জিওভানি লো সেলসোর জায়গায় নেমেছেন ৬৭ মিনিটে আর আজ নিকো গনজালেজের জায়গায় তাকে নামানো হয়েছে ৭০ মিনিটের সময়। তবে দুই ম্যাচেই নিজের সামর্থ্যের ছাপ রেখেছেন তিনি।

ব্রাজিলের অলিম্পিক দলে ঠাঁই হয়নি নেইমারের!

টোকিও অলিম্পিকের জন্য দল ঘোষণা করেছে বর্তমান চ্যাম্পিয়ন ব্রাজিল। ১৮ সদস্যের দলে জায়গা হয়নি নেইমারের।

দলটির অধিনায়ক নির্বাচিত হয়েছেন ৩৮ বছর বয়সি ডিফেন্ডার দানি আলভেস।

অলিম্পিক আসরে নেইমারের খেলার সুযোগ ছিল। তাকে দলে রাখতে পারতেন কোচ।

যদিও এ আসরে মূলত অনূর্ধ্ব-২৩ দলের হয়ে থাকে। তবে কোনো দল চাইলে ২৩ বছরের বেশি বয়স্ক তিনজন ফুটবলারকে দলে নিতে পারে। সে হিসাবে খেলতে পারতেন ২৯ বছর বয়সি ব্রাজিলের এ সেরা খেলোয়াড়। তবে কোচ তাকে বিবেচনায় রাখেননি।

২৩ বছরের বেশি তিনজন খেলোয়াড়ের মধ্যে জায়গা হয়নি নেইমারের। ৩৮

বছর বয়সি দানি আলভেসকে অধিনায়ক করেছেন কোচ। ইনজুরির কারণে কোপা আমেরিকায় অনুপস্থিত এই ব্রাজিলিয়ান তারকা।

সুযোগ পেয়েছেন ৩১ বছর বয়সি গোলরক্ষক সান্তোস ও ২৮ বছর বয়সি ডিফেন্ডার দিয়েগো কার্লোস।

২০১৬ সালে সবশেষ রিও অলিম্পিকে স্বর্ণ জিতেছিল ব্রাজিল।

টোকিও অলিম্পিকে ডি গ্রুপে খেলবে লাতিন আমেরিকার দেশটি। ওই গ্রুপে ব্রাজিলের প্রতিদ্বন্দ্বী শক্তিশালী জার্মানি। বাকি দুটি দল নিয়ে হয়তো ভাবনা কম। তারা হচ্ছেন— আইভরি কোস্ট ও সৌদি আরব।

আগামী ২২ জুলাইয়ে প্রথম ম্যাচেই জার্মানির মুখোমুখি হবেন সেলেকাওরা।

২৫ জুলাই আইভরি কোস্ট ও ২৮ জুলাই সৌদি আরবের সঙ্গে খেলবে ব্রাজিল।

১৮ সদস্যের ব্রাজিল একাদশ—